গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৩৯(এ).২২- ১৭৮২

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০ / ১৫ নভেম্বর ২০২৩

প্রেরক : মোসাঃ রোকেয়া পারভীন
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন সরকারিকরণকৃত মোসলেম উদ্দিন মহাবিদ্যালয়-এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ৪৪ (চুয়াল্লিশ) টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন সরকারিকরণকৃত মোসলেম উদ্দিন মহাবিদ্যালয়-এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ৪৪ (চুয়াল্লিশ) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ০৮ আগস্ট ২০১৮ তারিখ হতে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | অধ্যক্ষ (নন-ক্যাডার)<br>প্রশাসনিক ০১ (এক) টি | ৳ ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) অধ্যাপক<br>৳ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) সহযোগী অধ্যাপক | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগ বিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ)-এর তফসিলের 6(a)/(b) নং ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২) | সহকারী অধ্যাপক (নন-ক্যাডার)<br>গণিত-০১ (এক) টি<br>ব্যবস্থাপনা -০১ (এক) টি<br>উপমোট পদ-০২ (দুই) টি | ৳ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগ বিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ)-এর তফসিলের ৮ নং ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |

চলমান পাতা-০২

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩) | প্রভাষক (নন-ক্যাডার) :<br>বাংলা- ০২ (দুই) টি<br>ইংরেজি- ০২ (দুই) টি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-০১ (এক) টি<br>ইতিহাস-০১ (এক) টি<br>সমাজবিজ্ঞান-০২ (দুই) টি<br>অর্থনীতি- ০২ (দুই) টি<br>মনোবিজ্ঞান- ০১ (এক) টি<br>ইসলামী শিক্ষা-০১ (এক) টি<br>ভূগোল- ০১ (এক) টি<br>দর্শন- ০১ (এক) টি<br>পদার্থবিদ্যা-০২ (দুই) টি<br>গণিত-০১ (এক) টি<br>প্রাণিবিদ্যা-০২ (দুই) টি<br>উদ্ভিদবিদ্যা-০১ (এক) টি<br>ব্যবস্থাপনা-০২ (দুই) টি<br>হিসাববিজ্ঞান-০১ (এক) টি<br>রাষ্ট্রবিজ্ঞান- ০১ (এক) টি<br>উপমোট পদ-২৪ (চব্বিশ) টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৪) | শরীরচর্চা শিক্ষক<br>০১ (এক) টি | ৳ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১৮(ক)নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫) | গ্রন্থাগারিক<br>০১ (এক) টি | ৳ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১২নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৬) | প্রদর্শক<br>রসায়ন-০১ (দুই) টি<br>পদার্থবিজ্ঞান-০১ (এক) টি<br>জীববিজ্ঞান-০১ (এক) টি<br>ভূগোল-০১ (এক) টি<br>উপমোট পদ-০৪ (চার) টি | ৳ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ১৯(ক)নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৭) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>০২ (দুই) টি | ৳ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৩৯ (ক)নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |

চলমান পাতা-০৩

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮) | অফিস সহকারী কাম হিসাব সহকারী<br>০১ (এক) টি | ৳ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | সরাসরি নিয়োগের মাধ্যমে পদটি পূরণযোগ্য। পদোন্নতির মাধ্যমে পদটি পূরণযোগ্য নয়।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগ যোগ্যতা:<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৩৯ (গ) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৯) | অফিস সহায়ক<br>০৮ (আট) টি | ৳ ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৬০ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ : ৪৪ (চুয়াল্লিশ) টি | | |

<u>শর্তাবলী</u> :

১) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

২) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৩) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৪) অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদের নিয়োগের যোগ্যতা যথাশীঘ্রই বিদ্যমান/চূড়ান্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে এবং এর কোন ব্যতয় করা যাবে না।

৫) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক এবং অফিস সহায়কসহ অন্যান্য পদে কর্মরত/আত্তীকৃত কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৬) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

৩। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ অক্টোবর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.৩৬৮.২২-৭৯৫, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১০ নভেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.৩৮৬.২২-১০৬৪, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৭ নভেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০৩৮.২২-৭১০ এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ১৭ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২২.২৩.২০২ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

চলমান পাতা-০৪

আপনার বিশ্বস্ত,

(মোসাঃ রোকেয়া পারভীন)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৩৯(এ).২২- ১৭৮২

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০ / ১৫ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১০ নভেম্বর ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.৩৮৬.২২-১০৬৪ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোসাঃ রোকেয়া পারভীন)
উপসচিব

নম্বর- ০৭.০০.০০০০.১৫৩.১৫.৩৮৬.২২.৩৭৮ তারিখ: ২১/১১/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২১/১১/২০২৩

সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
**দেবাংশু কুমার সিংহ**
**সিনিয়র সহকারী সচিব**

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৩৯(এ).২২- ১৭৮২

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০ / ১৫ নভেম্বর ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ)।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) অধ্যক্ষ, মোসলেম উদ্দিন মহাবিদ্যালয়, হরিপুর ,ঠাকুরগাঁও।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

(মোসাঃ রোকেয়া পারভীন)
উপসচিব